

সংবাদ

টাঙ্গাইলের সেই মাদ্রাসা অধ্যক্ষ রিমান্ডে

জেলা বার্তা পরিবেশক, টাঙ্গাইল

টাঙ্গাইলের গোপালপুরে বঙ্গবন্ধুর হত্যাকারীদের বেহেস্ত চেয়ে প্রার্থনাকারী অধ্যক্ষকে রিমান্ডে নিয়েছে পুলিশ। মঙ্গলবার দুপুরে মামলার তদন্তকারী কর্মকর্তা গোপালপুর থানার এসআই আবদুল হান্নান আদালতে অভিযুক্ত আসামি অধ্যক্ষ ড. ফায়জুল আমির সরকারকে পাঁচদিনের রিমান্ড চেয়ে আবেদন করেন। আমলি আদালত গোপালপুর অঞ্চলের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক গোলাম কিবরিয়া দুইদিনের রিমান্ড মঞ্জুর করেন। গোপালপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হাসান আল মামুন জানান, টাঙ্গাইল জেলা পরিষদের সদস্য মুক্তিযোদ্ধা আবদুল কাদের তালুকদার বাদী হয়ে গত শনিবার রাতে থানায় মামলা দায়ের করেন। অধ্যক্ষের বাড়ি কুমিল্লা জেলার ভাঙ্গুরা বাজার পুরাতন মুরাদনগর থানা এলাকায়। তিনি এর আগে জামাল- অধ্যক্ষ : পৃষ্ঠা : ২ ক : ১

অধ্যক্ষ : রিমান্ডে

(১৬ পৃষ্ঠার পর)

পুরের সরিষাবাড়ীর আলমনগর কালিম মাদ্রাসায় ১৯৯৯ সালে থেকে ২০০৯ সাল পর্যন্ত কর্মরত ছিলেন। আমরা বিভিন্ন জায়গায় খোঁজখবর নিচ্ছি সে জামায়াত-শিবির কিংবা রাষ্ট্রবিরোধী জঙ্গি সংশ্লিষ্ট কর্মকাণ্ডে জড়িত কিনা।

টাঙ্গাইল কোর্ট ইন্সপেক্টর আনোয়ারুল হক জানান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট গোলাম কিবরিয়ার আদালতে গত রোববার অধ্যক্ষ ড. ফায়জুল আমির সরকারের জামিন আবেদন নামঞ্জুর করে জেলহাজতে পাঠানোর নির্দেশ দেন। বর্তমানে তিনি জেলহাজতে রয়েছেন।

বিজয় দিবসে স্বাধীনতা যুদ্ধে শহীদদের রুহের মাগফেরাত কামনা অনুষ্ঠানে বঙ্গবন্ধুর খুনিদের বেহেস্ত নসিব কামনা করে মোনাজাত করায় টাঙ্গাইলের গোপালপুরে গত শনিবার মাদ্রাসার গোপালপুর দারুল উলুম কামিল মাদ্রাসার অধ্যক্ষ ড. ফায়জুল আমিন সরকারকে অটক করে পুলিশ।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায়, গত শনিবার সকালে গোপালপুর উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ কার্যালয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ ও মুক্তিযুদ্ধে শহীদদের রুহের মাগফেরাত কামনা করে দোয়ার আয়োজন করে। উপজেলা প্রশাসন আয়োজিত এ অনুষ্ঠানে মোনাজাত পরিচালনা করেন অধ্যক্ষ ড. ফায়জুল আমিন সরকার।